

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৪, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ সেপ্টেম্বর, ২০১২/০৯ আশ্বিন, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪ সেপ্টেম্বর, ২০১২/ ০৯ আশ্বিন, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১২ সনের ৩২ নং আইন

কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৭নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন কুমিল্লা বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

২। ২০০৬ সনের ১৭ নং আইনের ধারা ২৬ এর সংশোধন।—কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৭নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) সরকার ও মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অনুদান বা বরাদ্দ;”।

(১৭৩৪৩৭)

মূল্য : টাকা ৪.০০

৩। ২০০৬ সনের ১৭ নং আইনের ধারা ২৭ এর সংশোধন।—উক্ত আইন এর ধারা ২৭ এর উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৩) বিশ্ববিদ্যালয় প্রকল্প বাস্তবায়িত হইবার পর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস হইতে আয় এবং বিশ্ববিদ্যালয়ের তহবিলে সরকার ও মঞ্জুরী কমিশন কর্তৃক বরাদ্দকৃত অর্থ দ্বারা বিশ্ববিদ্যালয় উহার ব্যয় নির্বাহ করিবে।”

ভীম চরণ রায়
অতিরিক্ত সচিব (এইচআর)।